ভোরের কাগজ

তারিখ ২৭/৭/২০০০
পৃষ্ঠা ২ কলাম ৬

### আগাম ঘোষণায় কর্তৃপক্ষ সমালোচিত

# ঢা.বি হল তল্লাশির কৌশল পরিবর্তন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : আগাম ঘোষণা দিয়ে হল তল্লাশির খবর বিভিন্ন মহল কর্তৃক সমালোচিত হওয়ায় অবশেষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হলে হলে তল্লাশির কৌশল পরিবর্তন করছেন।

কর্তৃপক্ষ বিভিন্ন হল তল্লাশির তারিখও এখন পরিবর্তন করেছেন বলে জানা যায়। গত ২৪ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভায় আজ এবং আগামীকাল সকালে হলে তল্লাশির সিদ্ধান্ত নেওয়া হয়।

উক্ত সভায় সিদ্ধান্ত হয় আইনশৃঙ্খলা প্রয়োগকারী সংস্থাসমূহের সহযোগিতায় এবং হলের প্রভোস্ট, হাউজ টিউটর, সিনেট-সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ এবং প্রক্টরদের উপস্থিতিতে প্রতিটি হলের প্রতিটি কক্ষে তল্লাশি চালানো হবে।

এই সিদ্ধান্ত নেওয়ার পরদিনই বিভিন্ন ছাত্র সংগঠন, সংবাদপত্র এবং বিভিন্ন মহল থেকে উক্ত সিদ্ধান্তের সমালোচনা করে বলা হয়, যেখানে হঠাৎ করে পুলিশি তল্লাশির খবর ফাঁস হয়ে যায় হলগুলোতে সেখানে আগাম ঘোষণা দিয়ে হল তল্লাশির ঘোষণা এক রকম প্রহসন মাত্র।

হলে হলে অস্ত্র থাকার বিষয়টি ওপেন সিক্রেট হলেও দেখা যায়, পুলিশ হলগুলো থেকে তেমন কোনো অস্ত্র জব্দ করতে পারছে না। হলের নেতৃবৃন্দ আগে থেকেই হল তল্লাশির খবর জেনে যায় বলে অভিযোগ রয়েছে।

হল তল্লাশি প্রসঙ্গে উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, হল তল্লাশির ব্যাপারে যে আগাম খবর জানিয়ে দেওয়া হয়েছে সেটা হল তল্লাশি নয়, হল পরিদর্শন। এই পরিদর্শনের লক্ষ্য হলগুলো বহিরাগত মুক্ত করা এবং সকল সংগঠনের বৈধ ছাত্রদের হলে অবস্থান নিশ্চিত করা।

হল পরিদর্শনের আগাম ঘোষণার বিষয়টি বিভিন্ন মহল হল তল্লাশি বলে মিস ইন্টারপ্রেট করেছে বলে তিনি উল্লেখ করেন। উপাচার্য বলেন, ছাত্র সংগঠনগুলোর নেতাদের সঙ্গে আলাপ করে হল পরিদর্শনের গ্রহণযোগ্য কৌশল বা পন্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে তিনি হলের সকল ছাত্রকে বাইরে বের করে দিয়ে পরবর্তী সময়ে পরিচয়পত্র পরীক্ষা করে হলে ঢোকানো হতে পারে বলে জানান।